



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd

E-mail : dinajpureducationboard@gmail.com

স্মারক নং : মাউশিবোদি/পনি/এইচএসসি পরী:-২০২৬/২৪২(১০)

তারিখ : ০৪/০৭/২০২৬ খ্রি.

বিষয় : নিয়মিত পরীক্ষার্থী (২০২৬ সালের সিলেবাস) ও অনিয়মিত পরীক্ষার্থীদের (২০২৫ সালের সিলেবাস) ভিন্ন কক্ষে আসন ব্যবস্থাকরণ এবং প্রশ্ন বিতরণের ক্ষেত্রে (সিলেবাস অনুযায়ী) অধিক সতর্কতা গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এইচএসসি পরীক্ষা-২০২৬ এর বিভিন্ন কেন্দ্র পরিদর্শকালে লক্ষ্য করা গেছে যে, কিছু কেন্দ্রে নিয়মিত পরীক্ষার্থী (২০২৬ সালের সিলেবাস) ও অনিয়মিত পরীক্ষার্থীদের (২০২৫ সালের সিলেবাস) ভিন্ন ভিন্ন কক্ষে আসন ব্যবস্থা গ্রহণ করা হয়নি। একই কক্ষে দুই সিলেবাসের (২০২৬ ও ২০২৫ সালের সিলেবাস) পরীক্ষার্থী থাকায় প্রশ্ন বিতরণে জটিলতা সৃষ্টি হচ্ছে। উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নীতিমালা ২০২৬ এ এবং ভারপ্রাপ্ত কর্মকর্তাদের মতবিনিময় সভায় নিয়মিত পরীক্ষার্থী (২০২৬ সালের সিলেবাস) ও অনিয়মিত পরীক্ষার্থীদের (২০২৫ সালের সিলেবাস) ভিন্ন ভিন্ন কক্ষে আসন ব্যবস্থা গ্রহণ করা এবং প্রশ্ন বিতরণে অধিক সতর্কতা গ্রহণ করার জন্য নির্দেশনা দেওয়া সত্ত্বেও কিছু কেন্দ্রে এর ব্যত্যয় ঘটেছে যা পাবলিক পরীক্ষা পরিচালনা নীতিমালা পরিপন্থী।

২। নিয়মিত পরীক্ষার্থী (২০২৬ সালের সিলেবাস) ও অনিয়মিত পরীক্ষার্থীদের (২০২৫ সালের সিলেবাস) ভিন্ন ভিন্ন কক্ষে আসন ব্যবস্থা গ্রহণ করা এবং প্রশ্ন বিতরণে অধিক সতর্কতা গ্রহণ করার জন্য এইচএসসি পরীক্ষা-২০২৬ এর সকল কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাদের পূরণায় নির্দেশ প্রদান করা হলো। পরবর্তীতে এ নির্দেশনার ব্যত্যয় ঘটলে কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাদের বিরুদ্ধে Public Examination (offences) Act 1980 অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সতর্ক থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ভারপ্রাপ্ত কর্মকর্তা

দিনাজপুর শিক্ষা বোর্ডের আওতাধীন

সকল এইচএসসি পরীক্ষা কেন্দ্র- ২০২৬।

প্রফেসর মোঃ বোরহান উদ্দিন

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

দিনাজপুর

অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে বিতরণ- (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ০১। জেলা প্রশাসক, রংপুর/গাইবান্ধা/নীলফামারী/কুড়িগ্রাম/লালমনিরহাট/দিনাজপুর/ঠাকুরগাঁও/পঞ্চগড়।
- ০২। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর।
- ০৩। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর।
- ০৪। উপজেলা নির্বাহী অফিসার, দিনাজপুর শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
- ০৫। জেলা শিক্ষা অফিসার, রংপুর/গাইবান্ধা/নীলফামারী/কুড়িগ্রাম/লালমনিরহাট/দিনাজপুর/ঠাকুরগাঁও/পঞ্চগড়।
- ০৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দিনাজপুর শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
- ০৭। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, দিনাজপুর শিক্ষা বোর্ড।
- ০৮। অফিস নথি।